



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪- ২৭৬৬


তারিখঃ ১৭/৫/২০১৫ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাবীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের (সংশোধিত) প্রকল্পভূক্ত কিছু কিছু উপজেলায় সুবিধাভোগীর নামে ঋণ বিতরণ দেখিয়ে দায়িত্ব প্রাপ্ত মাঠসংগঠক বিতরণকৃত ঋণের টাকা গ্রহণ করছেন মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। প্রকল্প কার্যক্রমে অনাজিহিত আর্থিক অনিয়ম প্রতিরোধকল্পে নিয়মিত সমিতি পরিদর্শন করার জন্য সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের ইতোপূর্বে প্রকল্প সদর দপ্তর হতে একাধিক বার নির্দেশনা প্রদান করা হলেও নিম্নস্বাক্ষকারীর নিকট এ ধরনের অভিযোগ আসা অনভিপ্রেত। সুবিধাভোগীর নামে ঋণ বিতরণ দেখিয়ে মাঠসংগঠক কর্তৃক ঋণ গ্রহণের ঘটনা প্রতিরোধকল্পে মাঠ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট সকলকে আরও দায়িত্বশীল ভূমিকা পালন করার জন্য অনুরোধ করা হলো। মাঠসংগঠক কর্তৃক ঋণ গ্রহণ/হস্তমজুদের মত ঘটনা পরিলক্ষিত হলে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সাথে সাথে প্রকল্প দপ্তরকে অবহিত করতে হবে। ব্যর্থতায় দায়িত্বে অবহেলার কারণে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং অনিয়ম সংগঠনের অপরাধে দায়ী সংশ্লিষ্ট মাঠ সংগঠককে প্রকল্প দপ্তর হতে প্রমান স্বাপেক্ষে তাৎক্ষনিক ভাবে কোন কারণদর্শনো ব্যতিরেকে চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে।

২। তদারকীর অভাবে দীর্ঘদিন এ ধরনের ঘটনার মাধ্যমে প্রকল্পের মাঠ সংগঠক/সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার মাধ্যমে অর্থ আত্মসাৎ/হস্তমজুদের ঘটনা ঘটলে তাৎক্ষনিক ভাবে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং সংশ্লিষ্ট মাঠ সংগঠকে চাকুরী হতে অব্যাহতি প্রদান করাসহ ফৌজদারী আইনের আশ্রয় নেয়া হবে।

৩। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারী করা হলো।


(প্রকৌশলী মোঃ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণঃ

- ০১। উপ পরিচালক, বিআরডিবি-----জেলা।
- ০২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা :....., জেলাঃ
- ০৩। প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলা :....., জেলাঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ০১। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ০২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ০৩। সংশ্লিষ্ট নথি।